

সূত্র:৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৮ ৫৩

তারিখ:১৬.০৭.২০১৮খ্রি:।

বিষয়: পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন “গলাচিপা নুতন জামে মসজিদ সংলগ্ন আলিম মাদরাসা”র সুপার পদে জনাব মো: আব্দুল হাই- এর নিয়োগ ও এমপিও বিষয়ক আবেদনটি নিষ্পত্তির নিমিত্ত মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রয়োজনীয় তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র:(১)টিএমইডি এর মাদরাসা শাখা-২ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.০১৮.১৫৯-১৬-২৪১

তারিখ:২২.০৫.২০১৮খ্রি:।

(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৭.১৮-৩৮১

তারিখ:৩১.০৫.২০১৮ খ্রি:।

(৩) “গলাচিপা নুতন জামে মসজিদ সংলগ্ন আলিম মাদরাসার স্মারক নং-গাাম-৮০

তারিখ:০৪.০৬.২০১৮ খ্রি:।

(৪) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা ২৪ (-মাদরাসা-২) এর স্মারক নং-শিম/শা:২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪

তারিখ:০৯.০৯.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারকে টিএমইডি হতে এ অধিদপ্তর একটি পত্র প্রাপ্ত হয়।

০২. সূত্রোক্ত ১ নং স্মারকে টিএমইডি কর্তৃক এ অধিদপ্তরকে নিম্নোক্ত তথ্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়-

(ক) বিয়োক্ত মাদরাসার বিদ্যমান সুপার পদটি শূণ পদ না-কি সৃষ্ট পদ?

(খ) উক্ত পদে (সুপার) জনাব মো: আব্দুল হাই- এর নিয়োগ নিয়োগ বৈধ কি-না?

(গ) সুপার পদে যোগদানের পর উক্ত পদে (সুপার) এমপিও প্রাপ্তির নিমিত্ত অনলাইনে আবেদন করা হয়েছে কি-না?

(ঘ) আবেদন করা হয়ে থাকলে কেন তাঁকে এমপিও প্রদান করা হয়নি?

০৩. টিএমইডি'র উক্ত নির্দেশনা মোতাবেক সূত্রোক্ত ২ নং স্মারকে অধ্যক্ষ, “গলাচিপা নুতন জামে মসজিদ সংলগ্ন আলিম মাদরাসা” বরাবর এ অধিদপ্তর কর্তৃক উপরিউক্ত তথ্য চেয়ে একটি পত্র প্রেরণ করা হয়।

০৪. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের পত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত ৩ নং স্মারকে অধ্যক্ষ কর্তৃক একটি জবাবী পত্র প্রেরণ করা হয়।

০৫. আবেদনটি নিষ্পত্তির নিমিত্ত জনাব মো: আব্দুল হাই- এর সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদের নিয়োগ সংক্রান্ত নিম্নোক্ত তথ্য প্রয়োজন-

(ক) সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে নিয়োগের নিমিত্ত পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মূল কপি।

(খ) সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে নিয়োগের নিমিত্ত আবেদন পত্র।

(গ) সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদের বিপরীতে নিয়োগ কমিটি/ নিয়োগ বোর্ড কর্তৃক সুপারিশকৃত ফলাফল শীট।

(ঘ) সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে নিয়োগ পত্র প্রদানের নিমিত্ত গভনিং বডি কর্তৃক রেজুলেশন।

(ঙ) সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদের বিপরীতে মাদরাসা কর্তৃপক্ষ/সভাপতি কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্র।


(চ) সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে যোগদান পত্র।

(ছ) সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদের শিক্ষকতা যোগ্যতার প্রামাণক হিসেবে স্নাতক ডিগ্রীসহ বিপিএড সনদ (মূল কপি)।

(জ) সহকারী শিক্ষক (শরীর চর্চা) পদে প্রাপ্য ১ম ও শেষ এমপিও সিটা।

০৬. বিষয়োক্ত মাদরাসার সুপার পদে জনাব মো: আব্দুল হাই- এর নিয়োগ ও এমপিও বিষয়ক আবেদনটি নিষ্পত্তির নিমিত্ত উপরিউক্ত তথ্য প্রয়োজন।

০৭. এমতাবস্থায় পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন “গলাচিপা নুতন জামে মসজিদ সংলগ্ন আলিম মাদরাসা”য় সুপার পদে জনাব মো: আব্দুল হাই- এর নিয়োগ ও এমপিও বিষয়ক আবেদনটি নিষ্পত্তির নিমিত্ত উপরিউক্ত তথ্য আগামী ২৬.০৭.২০১৮ খ্রি; তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিগন: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৬৭

অধ্যক্ষ, গলাচিপা নুতন জামে মসজিদ সংলগ্ন আলিম মাদরাসা

অনুলিপি:

০১. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল।

০২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গলাচিপা, পটুয়াখালী।

০৪. অফিস কপি।

